

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫০৮৬

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - নম্রতা, লজ্জাশীলতা ও উত্তম স্বভাব

আরবী

وَعَنْ مَكْحُولٍ

قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْمُؤْمِنُونَ هَيِّنُونَ لَيِّنُونَ كَالْجَمَلِ الْآنِفِ إِنْ قِالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّاخَ» . رَوَاهُ التِّرْمِذِيّ مُرْسلا

বাংলা

৫০৮৬-[১৯] মাকহূল (রহিমাহুল্লাহ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মু'মিন লোক ঐ উটের মতো ধীরস্থির ও নরম স্বভাবের হয়ে থাকে, যার নাকের মধ্যে রশি লাগানো হয়েছে। যখন সেটাকে টেনে নেয়া হয়, সে টেনে চলে এবং পাথরের উপর বসতে চাইলে সে পাথরের উপরেই বসে পড়ে। [ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) এ হাদীসটি ''মুরসাল'' হিসেবে বর্ণনা করেন।][1]

ফুটনোট

[1] হাসান : (তিরমিযীতে পাওয়া যায়নি), সিলসিলাতুস্ সহীহাহ্ ৯৩৬।

আলবানী (রহিমাহুল্লাহ) বলেনঃ আমি মনে করি হাদীসটি তিরমিয়ীর সাথে সম্পৃক্ত করায় ভুল হয়েছে। আমি হাদীসটি তিরমিয়ীতে পায়নি। হিদায়াতুর্ রুওয়াত ৪/৪৬৭, সহীহুল জামি' ৬৬৬৯, হিলইয়াতুল আওলিয়া ৫/১৮০ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الْمُؤُمِنُونَ هَيَنُونَ لَيَنُونَ كَالْجَمَلِ) হাদীসটি সম্পর্কে 'আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ প্রত্যেক মু'মিন ব্যক্তি আল্লাহর পূর্ণ আনুগত্যের সাথে জীবন-যাপন করে। আর তারা সকলে চেষ্টা করে তাদের রবের সম্ভৃষ্টি অর্জন করার। যেমনিভাবে একটা উট যখন তার নাকে রশি বাধা থাকে তখন তার মালিককে খুশি করার জন্য যেখানে যা করা দরকার সেখানে তাই করে। (মিরক্লাতুল মাফাতীহ)



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ মাকহূল (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন